হরলিক্স-সাপ্তাহিক ২০০০ কুইজ প্রতিযোগিতা

পর্ব ১ ফলাফল

'স্মার্ট মা ২০০২' কুইজ প্রতিযোগিতার বিজয়ী নির্ধারণ প্রক্রিয়ায় মিউচুয়াল ফুড প্রোডাক্টস্ লিমিটেডের সিনিয়র ম্যানেজার মার্কেটিং এম আখতারুজ্জামান

'জিনিয়াস বাংলাদেশ ২০০২' খুঁজে বের করছেন গ্লাকসো স্মিথ ক্লেইন কনজ্যুমার হেল্‌থ-এর কান্ট্রি ম্যানেজার এ এন বোস

বিশ্বায়নের এই যুগে মেধাবীরাই নিয়ন্ত্রণ করছে সবকিছু। মেধার দৌড়ে পিছিয়ে নেই এ দেশের সন্তানরাও। কিন্তু তাদের মেধার পরিমাপ হয় মূলত বোর্ড পরীক্ষার মাধ্যমে। এখানে সাধারণ জ্ঞানের বিষয়টি বিবেচ্য হয় না। এ দেশের প্রতিটি শিশুই মেধা নিয়ে জন্মগ্রহণ করে। তবুও বাংলাদেশ থেকে একজন আইনস্টাইন কিংবা একজন বিল গেটস বেরিয়ে আসছে না। কারণ পরিশ্রম ও সঠিক পরিচর্যার মাধ্যমে শিশুদের মেধা বিকাশের তেমন কোনো সুযোগ এ দেশে নেই। শিশুকে পোলিও টিকা খাওয়ানো নিয়ে যে দেশে এতো প্রচারাভিযান করতে হয়, সেখানে সঠিক পরিচর্যার মাধ্যমে মেধা বিকাশের কথা বাতুলতা মাত্র। প্রতিটি দেশে শিশুদের প্রতিভা বিকাশের জন্য সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে দেখা যায়। আমাদের দেশে এসব উদ্যোগের অভাব

রয়েছে। বিজ্ঞাপনী সংস্থা গ্রে-এর সার্বিক সহযোগিতায় সাপ্তাহিক ২০০০ এরকমই একটি উদ্যোগ নিয়েছে। আয়োজন করেছে হরলিকস্-সাপ্তাহিক ২০০০ কুইজ প্রতিযোগিতা। ৮-১৫ বছর বয়সের শিশুদের ভেতর থেকে খুঁজে বের করা হয়েছে 'জিনিয়াস বাংলাদেশ ২০০২'। শুধু শিশুদের জন্যই নয়, একই ধরনের প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে মা'দের জন্যও। সন্তান লালন কঠিনতম কাজ। একজন মা অত্যন্ত দায়িত্বের সঙ্গে কাজটি করেন। দায়িত্ব পালনের জন্য তাকে অনেক কিছুই জানতে হয়। শিশুর মেধা বিকাশের জন্য মাকে হতে হয় সচেতন। কারণ জন্মের পর বেশ কয়েক বছর শিশু পুরোপুরি বাবা-মা'র ওপর নির্ভরশীল থাকে। এ সময় শিশুর মেধা যাতে পুরোপুরি বিকশিত হতে পারে সেজন্য বাবা-মাকে নিতে হয় সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত। এই সঠিক সিদ্ধান্তের ওপর নির্ভর করে শিশুর ভবিষ্যৎ। বাবা বিভিন্ন কাজের জন্য বেশির ভাগ সময়ই বাড়ির বাইরে থাকেন। শিশু তাই মায়ের সান্নিধ্যই পায় বেশি। সে কারণে একজন সচেতন মায়ের প্রয়োজনীয়তা অনেক বেশি। মাদের সচেতন করার জন্য হরলিকস্-এর সহযোগিতায় সাপ্তাহিক ২০০০ আয়োজন করেছে 'স্মার্ট মা ২০০২' কুইজ প্রতিযোগিতা।

'জিনিয়াস বাংলাদেশ ২০০২' এবং 'স্মার্ট মা ২০০২' উভয় প্রতিযোগিতাই দু'টি পর্বে বিভক্ত। প্রতি পর্বের বিজয়ীদের জন্য রয়েছে আলাদা আলাদা পুরস্কার। সাপ্তাহিক ২০০০-এর ৩০ আগস্ট ২০০২ তারিখের সংখ্যায় প্রতিযোগিতা দু'টি আয়োজনের ঘোষণা দেয়া হয়। ১৩ সেপ্টেম্বরের সংখ্যায় ছাপা হয় কুইজের কুপন।

সাপ্তাহিক ২০০০-এর পক্ষ থেকে সমগ্র প্রতিযোগিতা তত্ত্বাবধান করেছেন নির্বাহী সম্পাদক মোহসিউল আদনান ও প্রধান প্রতিবেদক গোলাম মোর্তোজা। বিজ্ঞাপনী সংস্থা গ্রে-এর অ্যাকাউন্ট গ্রুপ হেড সাইফ সব সময় সম্পৃক্ত ছিলেন বিষয়টির সঙ্গে। এ ছাড়া ১৫ সদস্যের একটি বিশেষ দল ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জের প্রায় সবগুলো স্কুলে কুইজ প্রতিযোগিতার প্রচারাভিযান চালায়। ফাহিম, জব্বার, পলা, রিপন, সোনিয়া, রাজীব, লিমা, তানিয়া, বকুল, ফজলে, রাসেল, ইশারা, শাম্মী, সুমন ও নোমান এরা ছিলো এই প্রচারাভিযান কাজে। এর বাইরে সমগ্র বাংলাদেশের প্রায় ১০ হাজার স্কুলের প্রধান শিক্ষক বরাবর চিঠি ও পোস্টার পাঠানো হয়। যেখানে প্রতিযোগিতায় অংশগ্রহণের সকল নিয়ম-কানুন লেখা ছিলো। নিউমার্কেট, ধানমন্ডি ২৭ নম্বর, বিশ্ববিদ্যালয় এলাকা, গুলশান, মহাখালী, ইস্টার্ন প্লাজা, রাইফেলস স্কোয়ার, বেইলী রোডসহ ঢাকার প্রায় সবগুলো প্রধান সড়কে লাগানো হয় কুইজ

জিনিয়াস বাংলাদেশ ২০০২ : ফলাফল

স্থান	নাম-ঠিকানা	পুরস্কার
প্রথম :	**নাহিদ ফেরদৌস নুশিন** গ্রাম : প্রতাপ, ডাকঘর : টগরাইহাট উপজেলা : কুড়িগ্রাম, জেলা : কুড়িগ্রাম	স্পোর্টস বাইসাইকেল
দ্বিতীয় :	**আবদুল ওহাব** ৫২৭, উত্তর শাহজাহানপুর, ঢাকা-১২১৭	ডিজিটাল ডায়েরি
তৃতীয় :	**তাহিয়া** ৫৫/৭, পাইকপাড়া, মিরপুর, ঢাকা	ক্যালকুলেটর
চতুর্থ :	**মাঃ রিমেল** মদিনা স্টোর, ১৫১, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম- ৪১০০	জাফর ইকবালের কিশোর উপন্যাস সমগ্র (দুই খন্ড)
পঞ্চম :	**ববি চাকমা** প্রযত্নে : স্বপ্না রানী চাকমা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম, পোস্ট : চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২	জাফর ইকবালের কিশোর উপন্যাস সমগ্র (দুই খন্ড)
ষষ্ঠ :	**মোহন আহমদ** প্রযত্নে : স্টার লাইব্রেরি আম্বরখানা পয়েন্ট, সিলেট- ৩১০০	জাফর ইকবালের সায়েন্স ফিকশন সমগ্র (দুই খন্ড)
সপ্তম :	**অভিজিৎ দাশগুপ্ত** এ.ডি.সি (জেনারেল) বিল্ডিংয়ের পেছনে ইয়াসমিন ভবন (দোতলা) ঝাউতলা, কুমিল্লা	জাফর ইকবালের সায়েন্স ফিকশন সমগ্র (দুই খন্ড)

স্মার্ট মা ২০০২ : ফলাফল

প্রথম :	**মিসেস রুনা** প্রযত্নে : মাহবুব হোসেন খান গ্রাম+পোস্ট : তালেপুর থানা : কেরানীগঞ্জ, ঢাকা	রেফ্রিজারেটর
দ্বিতীয় :	**কাননবালা মন্ডল** গ্রাম : বাকখোলা (মন্ডলবাড়ি) থানা+পোস্ট : মীরসরাই, জেলা : চট্টগ্রাম	জুসার
তৃতীয় :	**শেলী ইসলাম** প্রযত্নে : ওহিদুল ইসলাম দি তক্‌মি ল্যাবরেটরিজ ময়মনসিংহ-২২০০	সেলাই মেশিন
চতুর্থ :	**নিলুফার চৌধুরী** জেলা কো-অর্ডিনেটর উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর সাতক্ষীরা- ৯৪০০	টোস্টার
পঞ্চম :	**শাহীনা আক্তার** প্রযত্নে : জিহাদ এন্টারপ্রাইজ পৌর বিপণী মার্কেট, সিলেট	টোস্টার
ষষ্ঠ :	**খাদিজা পারভীন** হক কমার্শিয়াল, রইছ ভবন, ফার্মগেট, ঢাকা	আয়রন মেশিন
সপ্তম :	**ডা. রিফাত আকতার শিপু** আমিন প্যালেস ৬৪, কাপাসগোলা, চকবাজার, চট্টগ্রাম	আয়রন মেশিন

** প্রত্যেক বিজয়ীকে সার্টিফিকেট দেয়া হবে*

প্রতিযোগিতার পোস্টার। প্রথম আলো, দি ডেইলি স্টারেও কুইজের ঘোষণা দেয়া হয়।

ব্যাপক প্রচারাভিযানের কারণে শুরু থেকেই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিলো আশাতিরিক্ত। কুইজের জন্য সংরক্ষিত সাপ্তাহিক ২০০০-এর বাক্স দুটি ভরে যেতে তাই তিন দিনের বেশি সময় লাগেনি। তৈরি করতে হয় আরো নতুন নতুন বাক্স। ৩০ সেপ্টেম্বর ছিলো কুইজে অংশগ্রহণের শেষ দিন। এরপরেও আমাদের হাতে আসে প্রায় ৭৫০টি কুপন। কিন্তু সময় পেরিয়ে যাওয়ায় আমরা সেগুলো অংশগ্রহণের উপযুক্ত বলে বিবেচনা করিনি।

৪০৪৭টি কুপনের ভেতর থেকে খুঁজে বের করা হচ্ছে 'জিনিয়াস বাংলাদেশ ২০০২'

৪৬৮৯টি কুপনের ভেতর থেকে ভাগ্যবান 'স্মার্ট মা ২০০২' খুঁজে বের করা হচ্ছে

এরপর শুরু হয় গণনা কাজ। তিন দিনের অক্লান্ত পরিশ্রম শেষে আমরা জানতে পারি মোট ৮৭৩৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছে এ কুইজ প্রতিযোগিতায়। এর ভেতর 'স্মার্ট মা ২০০২' প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে ৪৬৮৯ এবং 'জিনিয়াস বাংলাদেশ'-এ ৪০৪৭ জন প্রতিযোগী। ৬ অক্টোবর সাপ্তাহিক ২০০০ অফিসে আয়োজন করা হয় বিজয়ী নির্বাচন প্রক্রিয়ার। সঠিক উত্তরদাতার সংখ্যা অনেক হওয়ায় এক্ষেত্রে র‍্যাফেল ড্র-এর মাধ্যমে চূড়ান্ত বিজয়ী নির্বাচন করা হয়। সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক মোহসিউল আদনান, প্রধান প্রতিবেদক গোলাম মোর্তোজা ছাড়াও এতে হরলিকস্-এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন গ্লাকসো স্মিথ ক্লেইন কনজ্যুমার হেল্থ-এর কান্ট্রি ম্যানেজার এ.এন. বোস, মিউচুয়াল ফুড প্রোডাক্টস্ লিমিটেডের সিনিয়র ম্যানেজার মার্কেটিং এম আখতারুজ্জামান, গ্রে-বিজ্ঞাপনী সংস্থার একাউন্ট গ্রুপ হেড সাইফ, সাপ্তাহিক ২০০০-এর স্টাফ রিপোর্টার সাইফুল হাসান, রিপোর্টার নোমান মোহাম্মদ, বিজ্ঞাপন ম্যানেজার নাজমুল আহসান ও সামিউল ইসলাম উপস্থিত ছিলেন। সঠিক উত্তরদাতাদের মধ্য থেকে তারা বিজয়ী নির্বাচন করেন।

মেগা পুরস্কার রয়েছে এ পর্বেই

হরলিক্স-সাপ্তাহিক ২০০০

কুইজ প্রতিযোগিতা

শুরু হলো দ্বিতীয় পর্ব

জিতে নিন ফিলিপস্ ২১ ইঞ্চি কালার টিভি, ঢাকা-কলকাতা-ঢাকা বিমান টিকেট (৩টি), জুসার, পাম টপসহ আরো অনেক আকর্ষণীয় পুরস্কার

দেখুন ৩৮ ও ৩৯ পৃষ্ঠায়

Horlicks

পরিবারের মহান পুষ্টিদাতা